



নং-২৬.০৫.২৬.৯০.০২৩.০৭.২৫৮.১৮-১৯(৫ম অংশ)/১১৭৯

তারিখঃ ১২-০৮-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ডিলারদের অনুকূলে প্রদত্ত ২০১৮-১৯ অর্থ বছরের ১ম কিস্তি এবং ভ্রাম্যমাণ ট্রাকসেলে বরাদ্দে উত্তোলিত পণ্যের বিক্রয় কার্যক্রম তদারকি প্রসঙ্গে।


সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.৬০.০১৬.১৪.৩৮৭; তারিখ ১২-০৮-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের অনুমোদনের প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে টিসিবি'র পণ্যাদি ভোক্তা সাধারণের নিকট সাশ্রয়ী মূল্যে বিক্রয়ের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের ১ম কিস্তি এবং ডিলারদের ভ্রাম্যমাণ ট্রাকে বরাদ্দ দেয়ার জন্য টিসিবি'র আঞ্চলিক কার্যালয় ও ক্যাম্প অফিস প্রধানদেরকে নির্দেশনা দেয়া হয়েছে। উক্ত বরাদ্দের মেয়াদ আগামী ১৩-০৮-২০১৮ তারিখ হতে ২০-০৮-২০১৮ তারিখ পর্যন্ত অথবা ছোলা মজুদ থাকা পর্যন্ত বলবৎ থাকবে। ডিলার প্রতি বরাদ্দকৃত পণ্যের পরিমাণ ও ভোক্তা মূল্য নিম্নরূপঃ

ক্রঃ নং	পণ্যের নাম	ভোক্তা মূল্য প্রতি কেজি/লিটার {পরিচালন ব্যয়সহ (টাকা)}	১ম কিস্তিতে ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার)	ট্রাকসেলে ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার)
১।	চিনি	টঃ ৫২.০০	৫০০-৭০০ কেজি	৩০০-৫০০ কেজি
২।	মশুর ডাল (অস্ট্রেলিয়া উৎসের মার্বারি সাইজ)	টঃ ৫০.০০	৩০০-৬০০ কেজি	৩০০-৫০০ কেজি
৩।	ছোলা (অস্ট্রেলিয়া উৎসের)	টঃ ৪০.০০	৩০০ কেজি হতে তদূর্ধ্ব যে কোন পরিমাণ	৩০০-১,৫০০ কেজি
৪।	সয়াবিন তেল (পুষ্টি ব্র্যান্ডের ৫লিটার পেট বোতল)	টঃ ৮৫.০০	৩০০-৬০০ লিটার	৩০০-৫০০ লিটার

২। উপরিলিখিত পণ্যাদি তাঁর অধিক্ষেত্রাধীন জেলা ও উপজেলায় টিসিবি'র ডিলারগণ ভোক্তা সাধারণের নিকট টিসিবি'র নির্ধারিত ভোক্তা মূল্যে সঠিকভাবে বিক্রয়/বিতরণ করছেন কিনা, তা তদারকি করা প্রয়োজন। বরাদ্দপত্র এবং টিসিবি'র ডিলারদের তালিকা টিসিবি'র ওয়েবসাইটে (www.tcb.gov.bd) পাওয়া যাবে।

৩। এমতাবস্থায়, তাঁর অধিক্ষেত্রাধীন জেলা এবং উপজেলায় টিসিবি'র ডিলারদের মাধ্যমে পণ্যাদি বিক্রয়/বিতরণ কার্যক্রম তাঁর এলাকার মাননীয় মন্ত্রী/ মাননীয় সংসদ সদস্যগণকে অবহিতকরণসহ তদারকি কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১২-০৮-২০১৮
(মোঃ শাহাবুদ্দিন)

প্রধান কর্মকর্তা(সিএমএস ও বিওবি)

ফোনঃ ৮১৮০০৬২

ই-মেইল: tcbocms@tcb.gov.bd

জেলা প্রশাসক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (দ্রোষ্টতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ২। একান্ত সচিব, মাননীয় বাণিজ্য মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। একান্ত সচিব, মাননীয় সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। একান্ত সচিব, সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)-----। তাঁর উপজেলাধীন বর্ণিত বিক্রয় কার্যক্রম তদারকির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

